

জাবিতে নির্মায়মাণ ভবন থেকে পড়ে শ্রমিকের মৃত্যু, তদন্ত কমিটি গঠন

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় প্রতিনিধি



ফাইল ছবি

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের (জাবি) নির্মায়মাণ ভবন থেকে পড়ে

এক শ্রমিকের মৃত্যু হয়েছে। গতকাল শুক্রবার (১ আগস্ট) সকাল

সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের অধিকতর উন্নয়ন প্রকল্পের

আওতায় নির্মায়মাণ কেন্দ্রীয় লাইব্রেরির লেকচার থিয়েটার ভবনের

চতুর্থ তলা থেকে পড়ে গুরুতর আহত হন তিনি। পরে বিকেল

সাড়ে ৪টার দিকে চিকিৎসাধীন আরিফুলের মৃত্যু হয়।

এ ঘটনায় বিশ্ববিদ্যালয়ের পদার্থবিজ্ঞান বিভাগের অধ্যাপক ড.

মো. শফিকুল ইসলামকে আহ্বায়ক করে ৫ সদস্যবিশিষ্ট একটি

তদন্ত কমিটি গঠন করা হয়েছে।

কমিটিকে ৫ কর্মদিবসের মধ্যে তদন্ত সম্পন্ন করে সুপারিশসহ

প্রতিবেদন জমা দিতে নির্দেশনা দেওয়া হয়েছে।

বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ থেকে পাঠানো এক প্রেস বিজ্ঞপ্তিতে
জানানো হয়, বিশ্ববিদ্যালয় প্রশাসনের নির্দেশনা অমান্য করে
নির্মাণ কাজ চালিয়ে যাওয়ার অভিযোগ প্রমাণ সাপেক্ষে দোষীদের
দৃষ্টান্তমূলক শাস্তির আওতায় আনা হবে। মৃত নির্মাণ শ্রমিকের
পরিবারকে যথোপযুক্ত আর্থিক সাহায্য ও অন্যান্য সহযোগিতা
করা হবে।

নিহত শ্রমিকের নাম মো. আরিফুল ইসলাম (৪০)।

তারা গ্রামের বাড়ি বিনাইদহ জেলার শৈলকূপা উপজেলায় বলে
জানা গেছে।

বিশ্ববিদ্যালয়ের চিকিৎসাকেন্দ্রের দায়িত্বপ্রাপ্ত চিকিৎসক ডা. নিংতম
জানান, শুক্রবার সকাল ১১টার দিকে কয়েকজন শ্রমিক
আরিফুলকে মেডিক্যালে নিয়ে আসে। তার মুখে আঘাত ছিল।
অবস্থার ভয়াবহতা দেখে তাকে দ্রুত এনাম মেডিক্যালে পাঠিয়ে
দিই।

নির্মায়মাণ ভবনটির কার্যক্রম বাস্তবায়নে দায়িত্বপ্রাপ্ত প্রতিষ্ঠান
অনিক ট্রেডিং করপোরেশনের প্রধান প্রকৌশলী মোমিনুল করিম
বলেন, ‘আমি বর্তমানে ঢাকায় আছি। আমাদের কাজ আপাতত
বন্ধ থাকলেও কয়েকজন শ্রমিক সেখানে অবস্থান করছিলেন।
ফোনে শুনেছি, একজন শ্রমিক পড়ে মারা গেছেন, এর বেশি কিছু
জানি না।’

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক মোহাম্মদ কামরুল আহসান

বলেন, ‘ঘটনাটি দুঃখজনক। এত বড় ঘটনা ঘটেছে, অথচ আমাকে
কেউ জানায়নি।

আমি চাই শুধু ক্ষতিপূরণ নয়, এই ঘটনায় যেন দোষীদের যথাযথ
বিচার হয়।’